


প্রকাশ : ১৯ মে, ২০১৭ ১৫:৫৭  
আপডেট : ১৯ মে, ২০১৭ ১৬:৩৪

অনলাইন  
ভার্সন

Share  
প্রিন্ট করুন 

## 'এটা কি তাদের বাবার রাস্তা?'

| অনলাইন ডেস্ক



ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক বলেছেন, ঢাকা শহরের পাবলিকের রাস্তার ওপরে কোনো নো পার্কিং দেখতে চাই না। জাস্ট ওয়ান উইক টার্ন। সাধারণ মানুষের রাস্তা, সাধারণ মানুষেরই থাকবে।

শুক্রবার দুপুরে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) অডিটরিয়ামে নগর ও অঞ্চল পরিকল্পনা

বিভাগ আয়োজিত কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে মেয়র এসব কথা বলেন।

মেয়র আনিসুল হক আরও বলেন, সেদিন দেখি জি-৪ নামে একটি সিকিউরিটি প্রতিষ্ঠান আমাদের রাস্তার উপর তাদের সাইনবোর্ড লাগিয়ে দিয়েছে। লিখে দিয়েছে নো পার্কিং। এটা কি তাদের বাবার রাস্তা? সৌদি দূতাবাসে গিয়ে দেখি সমস্ত রাস্তায় ওনারা নো পার্কিং, নো পার্কিং দিয়ে রেখেছেন। তাদের দেশের রাস্তায় কি এভাবে থাকতে দিবে? তাদের দেশের রাস্তায় কি তাদের নাগরিককে আটকাতে যাবে? আমার দেশে অন্য দেশের দূতাবাস সাধারণ মানুষের রাস্তা দখল করেছ। এটা হতে দেব না। আমরা সাধারণ মানুষের রাস্তা উদ্ধার করবই।

বিডি প্রতিদিন/১৯ মে, ২০১৭/ফারজানা